

দুটি সত্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আইইএম ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নং-পপঅ/আইইএম/মিডিয়া এ্যাওয়ার্ড/২০১৮/২৫৭৬/৮-০৪

তারিখ: ২৩/০৫/২০১৮খ্রি:

পরিবার পরিকল্পনা মিডিয়া এ্যাওয়ার্ড ২০১৭-১৮

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর বিশ্ব জনসংখ্যা দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে বাংলাদেশের জনসংখ্যা, পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য এবং কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য বিষয়ক প্রতিবেদন প্রণয়নে (০৩ ক্যাটাগরিতে - ১. অনুসন্ধিৎসু, ২. বিশ্লেষণধর্মী এবং ৩. সাফল্যগাঁথা) যারা উৎকর্ষতার পরিচয় রেখেছেন তাঁদের জন্য পরিবার পরিকল্পনা মিডিয়া এ্যাওয়ার্ড ২০১৭-২০১৮ ঘোষণা করছে।

১ জুলাই ২০১৭ খ্রিঃ হতে ২০ জুন, ২০১৮ খ্রিঃ সময়ের মধ্যে বাংলাদেশের জনসংখ্যা সমস্যা ও উন্নয়ন, পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ে জাতীয় ও আঞ্চলিক দৈনিক পত্রিকা ও অনলাইন পত্রিকায় (বাংলা/ইংরেজী) প্রকাশিত এবং বেসরকারী টিভি ও রেডিও (এফএম এবং কমিউনিটি রেডিও) তে প্রচারিত অনুসন্ধানধর্মী/বিশ্লেষণধর্মী/সাফল্যগাঁথা প্রতিবেদন ও অনুষ্ঠান/কার্যক্রম প্রণয়নকারীদের এই পুরস্কার প্রদান করা হবে।

প্রত্যেক ক্যাটাগরির প্রতিবেদনের জন্য পৃথক পৃথক পুরস্কারের ব্যবস্থা রয়েছে। নিম্নলিখিত ক্যাটাগরিতে পুরস্কার নির্ধারণ করা হয়েছে :

০৩ (তিন) ধরনের কার্যক্রম/প্রতিবেদন	প্রিন্ট মিডিয়া/অনলাইন মিডিয়া		ইলেকট্রনিক মিডিয়া	
	বাংলা	ইংরেজী	টিভি	রেডিও
খবর এবং কলাম প্রতিবেদন : ১. অনুসন্ধিৎসু, ২. বিশ্লেষণধর্মী এবং ৩. সাফল্যগাঁথা	২	২	২	১

প্রত্যেক ক্যাটাগরির প্রতিবেদনের জন্য ৫০.০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) মূল্যমানের পুরস্কার প্রদান করা হবে। একজন প্রতিযোগীর নিকট থেকে সর্বোচ্চ ০৩ (তিন) টি প্রতিবেদন বিবেচনার জন্য গ্রহণ করা হবে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিটি প্রতিবেদন হার্ড এবং সফট কপি আকারে যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষের অধ্যায়ন/প্রত্যাযনপত্রসহ পরিচালক, আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের শেষ সময় ২৪ জুন ২০১৮ খ্রিঃ (বিকেল ৩:০০ ঘটিকা পর্যন্ত)। পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক গঠিত মূল্যায়ন কমিটির সম্মানিত বিচারকমন্ডলী প্রতিটি প্রতিবেদন মূল্যায়ন করবেন। তাঁদের মূল্যায়নই চূড়ান্ত বলে গণ্য হবে।

পরিদর্শন করুন www.dgfp.gov.bd অথবা নোটিশ বোর্ড, পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর (৭ম তলা), ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ অথবা যোগাযোগ করুন-পরিচালক (আইইএম), টেলিফোন নম্বর: ৯১৪৬৫৩৫।

আশরাফুল হোসেন

যুগ্ম সচিব

পরিচালক (আইইএম)

ও

লাইন ডাইরেক্টর (আইইসি)

পরিবার পরিকল্পনা অধিদপ্তর।